




ভিডিও



ছবি



সাম্মাংকার

## পরীক্ষা

# প্রকৌশল গুচ্ছের ভর্তি পরীক্ষা কাল, পরীক্ষা ৫০০ নম্বরের

সংবাদদাতা চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়

প্রকৌশল গুচ্ছের তিন বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি

By using this site, you agree to our Privacy Policy. OK

বর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষা কাল।

এবারের ভর্তি পরীক্ষায় সংরক্ষিত আসনসহ চুয়েটের ৯৩১টি, কুয়েটের ১ হাজার ৬৫টি এবং রুয়েটের ১ হাজার ২৩৫ টিসহ সর্বমোট ৩ হাজার ২৩১টি আসনের বিপরীতে মোট ২২ হাজার ৮৬৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবেন।

সে হিসেবে প্রতি আসনের জন্য লড়াই করবেন প্রায় ৭ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী।

ক গ্রুপে (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) মোট ২০ হাজার ৭৬০ জন এবং খ গ্রুপে (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) মোট ২ হাজার ১০৮ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেন। চুয়েট কেন্দ্রে ৭৬২৮ জন, কুয়েট কেন্দ্রে ৭৬১৮ জন এবং রুয়েট কেন্দ্রে ৭৬২২ জন পরীক্ষার্থীর অংশগ্রহণের কথা রয়েছে।

গুচ্ছ ভর্তি পরীক্ষার সমন্বয়ক কমিটির সভাপতি চুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. সুদীপ কুমার পাল প্রথম আলোকে বলেন, ইতিমধ্যে আমরা সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছি। পরীক্ষার্থীদের প্রয়োজনীয় সকল সেবা প্রদান করা হবে। আশা করছি যারা আবেদন করেছে সবাই নির্বিঘ্নে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

উল্লেখ্য, এই বারের ভর্তি পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজি বিষয়ের উপর এমসিকিউ (MCQ) পদ্ধতিতে 'ক' গ্রুপের জন্য ৫০০ নম্বরের এবং 'খ' গ্রুপের জন্য ৫০০ নম্বরের এমসিকিউ (MCQ)-এর পাশাপাশি অতিরিক্ত মুক্তহস্ত অঙ্কনের ২০০ নম্বরসহ মোট ৭০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে ১৮ই মার্চ রাত ১০টায়।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.